**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-12-24** **Desk in Charge :**

**Time : 7-50 PM** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য থেকে সংগ্রহ করা কেন্দ্রীয় করের প্রাপ্য অংশ বাড়ানোর জন্য রাজ্য সরকার ষোড়শ অর্থ কমিশনের কাছে দাবি জানিয়েছে।

২/ কেন্দ্রীয় সরকার প্রস্তাবিত 'ওয়াকফ আইন সংশোধনী' বিলের বিরুদ্ধে আজ রাজ্য বিধানসভায় প্রস্তাব পাশ হয়েছে।

৩/ আলু ব্যবসায়ী সমিতি-র কর্মবিরতি আগামীকাল সন্ধ্যা থেকে উঠে যাচ্ছে।

৪/ বাংলাদেশে, ইস্কনের সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসের পক্ষে আদালতে কোনো আইনজীবি না আসায়, জামিনের শুনানি আগামী দোসরা জানুয়ারী পর্যন্ত পিছিয়ে গেছে।

# সংসদের উভয় সভাতেই আজ এ'বিষয়ে বিজেপি ও তৃণমূল কংগ্রেস সাংসদরা বক্তব্য রাখেন।

৫/ 'বিশ্ব দিব্যাঙ্গ দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, নতুন দিল্লীতে আজ দিব্যাঙ্গ জনদের ক্ষমতায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় পুরস্কার প্রদান করেছেন।

# এরাজ্যেও বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হয়।

*********************************************************************

রাজ্য থেকে সংগ্রহ করা কেন্দ্রীয় করের প্রাপ্য অংশ বাড়ানোর জন্য রাজ্য সরকার ষোড়শ অর্থ কমিশনের কাছে দাবি জানিয়েছে। নবান্নে আজ ষোড়শ অর্থ কমিশনের সভাপতি অরবিন্দ পানাগরিয়া সহ অন্যান্য সদস্যদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই দাবি জানান। পাশাপাশি বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে বকেয়ার প্রসঙ্গ তুলে অর্থ কমিশনের কাছে হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। বৈঠকের পর কমিশনের সদস্যরা সাংবাদিকদের মুখোমুখি হন। সেখানে অরবিন্দ পানাগারিয়া জানান, পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ ক্রমে রাজ্যগুলি বর্তমানে কেন্দ্রীয় করের ৪১ শতাংশ পেয়ে থাকে। পশ্চিমবঙ্গসহ অনেক রাজ্যই তা বাড়িয়ে ৫০ শতাংশ করার দাবি জানিয়েছে।

নবান্নে বৈঠকের আগে অর্থ কমিশনের সদস্যরা বণিক সমাজ পঞ্চায়েত পৌরসভার মতো স্থানীয় প্রশাসনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। আগামী মে মাস পর্যন্ত ষোড়শ অর্থ কমিশন বিভিন্ন রাজ্য পরিদর্শন করে সরকার সংশ্লিষ্ট বিভিন্ন মহলের মতামত নেবেন। তারপর কেন্দ্রীয় সরকারের কাছে নিজেদের সুপারিশ জমা করবেন।

****************************

কেন্দ্রীয় সরকার প্রস্তাবিত ‘ওয়াকফ আইন সংশোধনী’ বিলের বিরুদ্ধে আজ রাজ্য বিধানসভায় প্রস্তাব পাশ হয়েছে।

বিজেপি পরিষদীয় দল এর বিরোধিতা করে সভাকক্ষের বাইরে এসে বিক্ষোভ দেখায়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিকদের বলেন, এই প্রস্তাব অর্থহীন। এসম্পর্কে বিবৃতি দিতে গিয়ে মুখ্যমন্ত্রী অসত্য ভাষণ দিয়েছেন বলেও তাঁর অভিযোগ। বিধানসভায় সনাতনী বোর্ড তৈরীর প্রস্তাব, জনসংখ্যা নিয়ন্ত্রণ বিল এবং ধর্মান্তকরণ আটকানো নিয়ে বিল আনার’ও দাবী জানান তিনি।

( বাইট- শুভেন্দু )

****************************

আলু ব্যবসায়ী সমিতি-র কর্মবিরতি আগামীকাল সন্ধ্যা থেকে উঠে যাচ্ছে। বুধবার রাত থেকেই যথারীতি হিমঘর থেকে আলু বের হবে বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি জগবন্ধু মন্ডল। আজ বর্ধমানে ‘প্রগতিশীল আলু ব্যবসায়ী সমিতি’র বৈঠকের পর তিনি বলেন, সরকার বর্ডার খুলে দেওয়ার বিষয়ে এখনো কিছু জানায় নি। তবে সাধারণ মানুষের কথা চিন্তা করেই এই সিদ্ধান্ত। তিনি বলেন, সীমান্ত আটকে দেওয়ার জন্যই বাজারে আলুর দাম বেড়েছে। তবে, রাজ্যে এখনো যথেষ্ট পরিমাণ মজুত আছে। এদিকে, বেআইনিভাবে হিমঘরে আলু মজুত রেখে আলু ব্যবসায়ী সংগঠন কর্মবিরতি করে সরকারকে বিপাকে ফেলতে চাইছে বলে অভিযোগ করেন কৃষি বিপণন মন্ত্রী বেচারাম মান্না। গতকাল আলু ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকের পরেও সমাধানসূত্র না মেলায় তিনি ব্যবসায়ীদেরই দায়ী করেন। আগামী দু'দিনের মধ্যে আলুর দাম নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ করা হবে বলেও তিনি জানানা।

মন্ত্রীর আরো অভিযোগ, রাজ্য সরকারকে অন্ধকারে রেখে মালদা জেলার মাইতাপুর, দক্ষিণ দিনাজপুরের হিলি, কোচবিহারের চ্যাংড়াবান্ধা দিয়ে ব্যাপকভাবে আলু বাংলাদেশে পাঠানো হচ্ছে। বিজেপি, রাজ্য সরকারকে অপদস্ত করার চেষ্টা করছে, আলু ব্যবসায়ী সংগঠনের পিছনে সিপিআইএমের মদত রয়েছে বলেও তাঁর দাবী।

ইতিমধ্যে পশ্চিম মেদিনীপুর, বর্ধমান, বাঁকুড়া, হুগলির চল্লিশটি হিমঘরে কার কত পরিমাণ আলু রয়েছে, তা খতিয়ে দেখা হয়েছে।

****************************

এন আর আই কোটায় ডাক্তারিতে ভর্তি সংক্রান্ত দুর্নীতির তদন্ত করতে গিয়ে এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি, এখনো কলকাতা সহ রাজ্যের ২০-টি জায়গায় তল্লাশি চালাচ্ছে। জাল নথি জমা দিয়ে এম বি বি এস-এ ভর্তি সংক্রান্ত এই দুর্নীতিতে কোটি কোটি টাকা তছরূপ হয়েছে। এরই সূত্র ধরে ইডি এরাজ্যে যাদবপুর, বজবজ, কাঁকসা, বোলপুর, দুর্গাপুর, শান্তিনিকেতন ও পানাগড়ে বেসরকারী কলেজে তল্লাশি চালাচ্ছে। পাশাপাশি চলেছে জেরাও।

পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় লক্ষ্মণ শেঠের বেসরকারী হাসপাতাল ও বাড়ি এবং কলেজের আধিকারিকদের বাড়িতেও তল্লাশি চলে। জেরা করা হয় লক্ষ্মণ শেঠ, তার বাড়ির লোকজনদের। যাদবপুরের KPC হাসপাতালেও চলছে তল্লাশি।

অন্যদিকে, নদীয়ার কল্যানীর চাকদাতেও ইডি আধিকারিকরা হানা দেন। পাঁচপোতা এলাকার একটি মেডিক্যাল কলেজ এবং ঐ কলেজের কর্ণধারের বাড়ি কল্যানীর বাড়িতে'ও চলে তল্লাশি। ঘন্টা খানেক আগে তাঁরা সেখান থেকে বেরিয়ে যান বলে জানা গেছে।

****************************

বাংলাদেশে সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় দাসের এক আইনজীবী রিগান আচার্যকে চট্টগ্রাম আদালত চত্ত্বরে বেধরক মারধোর করা হয়েছে। চিন্ময় কৃষ্ণের জামিনের শুনানির জন্য তিনি আদালত চত্ত্বরে উপস্থিত ছিলেন। চরমপন্থীরা রিগানের চেম্বারেও ভাঙচুর চালায় বলে জানা গেছে।

আগেই জানানো হয়েছে, চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন নিয়ে আজ শুনানি থাকলেও, তাঁর পক্ষের কোনো আইনজীবি চট্টগ্রাম আদালতে উপস্থিত না হওয়ায় জামিন পিছিয়ে গেছে। পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে দোসরা জানুয়ারী। ততদিন পর্যন্ত তাঁকে জেলবন্দীই থাকতে হবে।

উল্লেখ্য, গত সপ্তাহেও তাঁর জামিন খারিজ হয়ে যায়। জানা গেছে, সেই সময় বেশ কয়েকজন সংখ্যালঘু সম্প্রদায়ের আইনজীবি চিন্ময় কৃষ্ণ দাসের সঙ্গে থাকলেও, পরে নানা ঘটনায় এবং কোর্ট চত্বরে হিংসা ও ভাঙ্গচুরের অভিযোগে তাঁদের অধিকাংশকেই গ্রেপ্তার করে সেদেশের পুলিশ।

****************************

বাংলাদেশের ঘটনায় আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনগুলোর হস্তক্ষেপ চেয়েছে বিজেপি। আজ কলকাতায় রাজ্য বিধানসভার বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, গ্রেপ্তার হওয়া সন্ন্যাসীর আইনজীবীদের ওপর আক্রমণ করা হচ্ছে এবং

তাদের বিরূদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছে। শুভেন্দু বলেন, বাংলাদেশের ঘটনার বিরুদ্ধে আন্দোলন আরো জোরদার করা হবে। বিশ্বের সব হিন্দুদের আন্দোলনে শামিল হওয়ার আহ্বান জানান তিনি।

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, বাংলাদেশে সন্ত্রাসের এমন ভয়ঙ্কর পরিস্থিতি তৈরী হয়েছে যে, সেখানে আইনজীবিরা আদালতে দাঁড়াতেই পারছে না। রাজনীতি না করে এই মুহূর্তে প্রয়োজন, সেদেশে সংখ্যালঘুদের সার্বিক নিরাপত্তা সুনিশ্চিত করা।

বাংলাদেশে চলতি উত্তেজনার আবহে পশ্চিমবঙ্গের পরিস্থিতি নিয়ে আজ রাজ্যসভায় বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন, বাংলায় রাজ্য সরকারের গাফিলতির কারণে লাগাতার অনুপ্রবেশের ঘটনা ঘটে চলেছে। রোহিঙ্গাদের জনবসতি বেড়ে উঠেছে বলেও তিনি অভিযোগ করেন।

(বাইট- শমীক)

অন্যদিকে, তৃনমূল কংগ্রেস সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায় লোকসভায় বলেন, ভারত সরকার যাতে অবিলম্বে বাংলাদেশে শান্তিরক্ষা কমিটি পাঠানোর জন্য রাষ্ট্রসঙ্ঘে আবেদন জানায়, দলের পক্ষ থেকে সেই দাবি ক রা হচ্ছে। এব্যাপারে কেন্দ্রীয় সরকার নীরব কেন, তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

(বাইট- সুদীপ)

উল্লেখ্য, চলতি বিধানসভা অধিবেশনে বাংলাদেশ প্রসঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি একই মত প্রকাশ করেছিলেন।

***************************

এদিকে, বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষার স্বার্থে রাষ্ট্র সংঘের শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করার পক্ষে সওয়াল করেছেন ইস্কন কলকাতার সহ

সভাপতি রাধারমণ দাস। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল বিধানসভায় এই বিষয়টি উত্থাপন করেন। আজ ইস্কন কলকাতার সহ সভাপতি'ও এব্যাপারে তাঁর সমর্থন জানান।

***************************

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হামলা, অত্যাচার, খুন, সে দেশে ভারতের জাতীয় পতাকার অবমাননা, ইসকন সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে মিথ্যা মামলায় গ্রেপ্তারের প্রতিবাদে দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে টালিগঞ্জ ফাঁড়ির কাছে কংগ্রেস আজ বিক্ষোভ কর্মসূচি পালন করে। প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ প্রদেশ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা ওই বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন।

এদিকে, বাংলাদেশের রাজধানী ঢাকায় মৌলবাদীদের হাতে আক্রান্ত সায়ন ঘোষের বেলঘরিয়ার বাড়িতে, পরিবারের লোকদের সঙ্গে আজ দেখা করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। তিনি সাংবাদিকদের বলেন-

(বাইট- শুভঙ্কর )

***************************

বাংলাদেশের মাটিতে ভারতের জাতীয় পতাকার গরিমা নষ্ট করা হয়েছে– এই অভিযোগে এরাজ্যের একাধিক চিকিৎসক বাংলাদেশী রোগী দেখা বন্ধ করে দিয়েছেন। শিলিগুড়ির ENT বিশেষজ্ঞ ডাক্তার শেখর বন্দ্যোপাধ্যায় এমনই একজন।

আমাদের সংবাদদাতা চন্দনা চৌধুরীকে তিনি জানালেন-

(বাইট- ডাক্তার শেখর )

***************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, আজ নতুন দিল্লীতে দিব্যাংগ জনদের ক্ষমতায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য জাতীয় পুরস্কার প্রদান করেছেন। এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি মুর্মু বলেন, জাতীয় পুরস্কার বিজয়ীরা সমাজের কাছে দৃষ্টান্ত স্থাপন করেছেন। রাষ্ট্রপতি

আরও বলেন, দেশের ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের ক্ষেত্রে এই পুরস্কার নানাদিক থেকে উৎসাহ ও প্রেরণা যোগাবে।

এরাজ্যেও বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ 'বিশ্ব দিব্যাঙ্গ দিবস' পালিত হয়েছে।

এই উপলক্ষ্যে জলপাইগুড়ি ওয়েলফেয়ার অর্গানাইজেশনের পক্ষ থেকে একটী শোভাযাত্রা শহর পরিক্রমা করে। সাত জন দিব্যাঙ্গ-কে পুরস্কৃত করার পাশাপাশি জেলাশাসকের দপ্তরে বিভিন্ন দাবীদাওয়া সম্বলিত স্মারকলিপি জমা দেওয়া হয়।

হাওড়ার উলুবেড়িয়ার আশা ভবন সেন্টারেও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে একটি শোভাযাত্রা আয়োজন করা হয়েছিল।

*************************************************************************